# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৯০৩

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)

পরিচ্ছেদঃ বিপদগ্রস্থ ব্যক্তির জন্য আমরা যেসব ওয়াদার কথা উল্লেখ করেছি, সেসব ওয়াদা ঐ ব্যক্তির জন্য যে বিপদাপদে আল্লাহর প্রশংসা করে; এসব ওয়াদা তাদের জন্য নয় যারা আল্লাহর ফায়সালায় নারাজ হয়

ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ أَلْفَاظَ الْوَعْدِ الَّتِي ذَكَرْنَاهَا لِمَنْ بِهِ الْمِحَنُ وَالْبَلَايَا إِنَّمَا هِيَ لِمَنْ حَمِدَ اللَّهَ فِيهَا دُونَ مَنْ سخط حكمه

---

আরবী

2903 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا أَبُو كَامِلٍ قَالَ: حَدَّثنا أَبُو عَوَانَةَ عَنْ عَطَاءِ بْنِ السَّائِبِ عَنْ عِكْرِمَةَ قَالَ: كَانَ ابْنُ عَبَّاسٍ يُكْثِر أَنْ يحدّث بِهَذَا الْحَدِيث: أَنَّ ابنة لرسول الله صلى الله عليه وسلم حَضَرَتْهَا الْوَفَاةُ فَأَخَذَهَا فَجَعَلَهَا بَيْنَ يَدَيْهِ ثُمَّ احْتَضَنَهَا وَهِيَ تُنزع حَتَّى خَرَجَ نفسُها وَهُوَ يَبْكِي فَوَضَعَهَا فَصَاحَتْ أُمُّ أَيْمَنَ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ:
(لَا تَبْكِي) فَقَالَتْ: أَلَا أَرَى رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَبْكِي؟ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنَّ أَبْكِ فَإِنَّمَا هِيَ رَحْمَةٌ الْمُؤْمِنُ بِكُلِّ خَيْرٍ تَخْرُجُ نَفْسُهُ مِنْ بين جنبيه وهو يحمد الله)
الراوي : ابْنُ عَبَّاس | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2903 | خلاصة حكم المحدث: صحيح لغيره ـ ((الصحيحة)) (1632).

বাংলা

২৯০৩. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা অধিক পরিমাণে এই হাদীসটি বর্ণনা করতেন। তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের এক মেয়ের মৃত্যুর সময় ঘনিয়ে আসে। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে নিয়ে তাঁর সামনে রাখেন। তারপর তিনি তাকে কোলে নেন এমন অবস্থায় যে, তার প্রাণ হরণ

করা হচ্ছিল। যখন তার প্রাণ বের হয়ে যায়, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কাঁদছিলেন। তিনি তাকে রেখে দেন। তখন উম্মু আইমান রাদ্বিয়াল্লাহু আনহা চিৎকার করে কেঁদে উঠেন। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, “নিশ্চয়ই আমার কান্না হলো রহমতের বহিঃপ্রকাশ। মুমিন ব্যক্তি সর্বাবস্থায় কল্যাণের মাঝে থাকে। এমনকি যখন তার দুই পার্শ্ব (অর্থাৎ তার শরীর) থেকে প্রাণ বের হয়ে যায়, সে অবস্থাতেও সে আল্লাহর প্রশংসা করে!”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ১/২৬৮; নাসাঈ: ৪/১২; বাযযার: ৮০৮।

আল্লামা শু‘আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ লিগাইরিহী বলেছেন। (সহীহাহ: ১৬৩২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92233

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন